


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়  
শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং -৪৭.৬২.৪৪৮০.০১৯.৯৮.৫২.২০-৩৮২

তারিখ: ০১/০৯/২০২২খ্রিঃ

বিষয়ঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সভার নোটিশ

আগামী ০৬/০৯/২০২২ তারিখ রোজ মঙ্গলবার বিআরডিবি অফিস, শৈলকুপা, ঝিনাইদহ এ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে ১১:০০ ঘটিকার সময় পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সম্মানিত সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(মো: কামরুল হাসান)

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার  
বিআরডিবি, শৈলকুপা  
ঝিনাইদহ।

জনাব, .....

.....

শৈলকুপা, ঝিনাইদহ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।

০২। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।

০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, শৈলকুপা, ঝিনাইদহ।

**শৈলকুপা উপজেলা পরিষদের পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি :	মোছাঃ নিলুফা ইয়াসমিন	স্থান :	মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ
	মহিলা ভাইস চেয়ারম্যান	তারিখ :	৫/০৯/২০২২
	উপজেলা পরিষদ, শৈলকুপা, বিনাইদহ।	সময় :	১০:০০ ঘটিকা

উপস্থিত : সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট- “ক”

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ও পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মোছাঃ নিলুফা ইয়াসমিন উপস্থি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য কমিটির সদস্য সচিব ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ জানান। অতঃপর উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভার কার্যক্রম পরিচালনা করেন।

**০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ**

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোনরূপ সংশোধনী না থাকায় সভায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হলো।

**০২। কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনঃ**

সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বিআরডিবি ও সমবায় অধিদপ্তর দারিদ্র বিমোচন করার লক্ষ্যে ঋণ প্রদান করে থাকে ও জনগণকে দক্ষ জনশক্তিতে পরিনত করার জন্য তার সমিতি/দলের সদস্যদের প্রশিক্ষণ প্রদান করে থাকে। এ লক্ষ্যে শৈলকুপা বিআরডিবি অফিস কাজ করে যাচ্ছে। বিআরডিবি'র রাজস্ব ও বিভিন্ন প্রকল্পের সমিতি গঠন, সদস্য ভর্তি, শেয়ার-সঞ্চয় আদায়, ঋণ বিতরণ- আদায়, প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদি লক্ষ্যমাত্রানুযায়ী সন্তোষজনকভাবে চলমান আছে। তবে পল্লী প্রগতি প্রকল্প ও পল্লী জীবিকায়ন কর্মসূচীতে (পজীক) বেশ কিছু ঋণ খেলাপি অবস্থায় পড়ে আছে বিশেষ করে পল্লী জীবিকায়ন কর্মসূচীতে(পজীক) খেলাপির পরিমাণ অনেক বেশি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে খেলাপি ঋণ আদায়ের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে তাগিদ প্রদান করা হয়।

০৩। অফিস মেরামত :

সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, তার অফিস বিল্ডিং এর অবস্থা বেশ খারাপ। বিশেষ করে হলরুমটি। হলরুমে প্রায় সময়ই বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কার্যক্রম চলমান থাকে। এরূপ হলরুমে প্রশিক্ষণ কার্যক্রম চালানো বেশ কষ্টকর। এ ছাড়া এরূপ হলরুমে প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকগণ তাদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনাতে অস্বস্তি বোধ করেন যা আমার অফিসের ভাবমূর্তিকে প্রশ্নবিদ্ধ করে। তাই অফিস বিল্ডিংটি বিশেষ করে হলরুমটি আশু মেরামত প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে অফিস বিল্ডিংটি বিশেষ করে হলরুমটি আশু মেরামতের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভাতে উপস্থাপন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

০৪। বিবিধ :

কোন আলোচনা নেই।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোছাঃ নিলুফা হোসাইন)

সভাপতি

পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

শৈলকুপা উপজেলা পরিষদ

শৈলকুপা, বিনাইদহ।






উপাধীনা নাগরিক কার্যনা  
 (শিল্পকলা, বিসাহিত):

পত্নী: উপাধী ও সংগণা বিসাহিত স্থায়ী কার্যনা মতা  
 স্থান: মহিলা বোর্ড (শিল্পকলা) অফিস কক্ষ

তারিখ: ৮/০৮/২০২২

সময়: - ১১:০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের স্বাক্ষর

ক্র. নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	মোছা: নিলুতা হোসাইন মহিলা বোর্ড (শিল্পকলা)	সভাপতি	 ৮/০৮/২২
০২	মোঃ কামরুজ্জামান সিদ্দিকী (শিল্পকলা, হাকিমপুর ইউ/পি)	সদস্য	
০৬	মোঃ মাহবুবুল হক (শিল্পকলা, হুটমা ইউ/পি)	সদস্য	
০৪	মোঃ মুন্সিরুজ্জামান উপাধীনা, সংগণা অফিসার	সদস্য	
০৫	মোঃ কামরুল হোসাইন উপাধীনা পত্নী বোর্ড অফিসার	সদস্য সচিব	 ৮/০৮/২২